



# ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ

বাংলাদেশ নৌবাহিনী

সোনাকান্দা, বন্দর, নারায়ণগঞ্জ

[www.dewbn.gov.bd](http://www.dewbn.gov.bd)

ফোন : ০১৭৬৯-৭১৯৮০৬, ফ্যাক্স : +৮৮০২২২৩৩০৩৫০১

০৬.০২.৬৭৫৮.১৬৫.১১.১৬৫.২২. ৪৭৭

১০ মে ২০২২

## নিয়োগ বিজ্ঞপ্তি

১। বাংলাদেশ নৌবাহিনী কর্তৃক পরিচালিত ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, সোনাকান্দা, নারায়ণগঞ্জ এর উৎপাদন বিভাগের ইলেকট্রিক্যাল শপের জন্য নিম্নবর্ণিত পদে চুক্তিভিত্তিক ও দৈনিক ভিত্তিক জনবল নিয়োগ প্রদান করা হবে :

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	বয়স (২৪/০৫/২০২২ পর্যন্ত)	নিয়োগের ধরন	বেতন/ মজুরী
১।	উপ-সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল)	০২ (দুই) টি	০৪ বৎসর মেয়াদী ইলেকট্রিক্যাল/ ইলেকট্রনিক্স এ ডিপ্লোমাসহ ইলেকট্রিক্যাল/ ইলেকট্রনিক্স কাজে ০২ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।	অনূর্ধ্ব ৩০ বৎসর এবং বিশেষ অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের বয়স শিথিলযোগ্য	চুক্তিভিত্তিক	অত্র প্রতিষ্ঠানের নিজস্ব বেতন/ মজুরী কাঠামো অনুযায়ী
২।	সুপারভাইজার	০২ (দুই) টি	ইলেকট্রিক্যাল/ ইলেকট্রনিক্স এর উপর ০২ বৎসরের ভোকেশনাল কোর্স অথবা ০৫ বৎসরের বাস্তব কাজের অভিজ্ঞতা থাকতে হবে।		চুক্তিভিত্তিক	
৩।	ইলেকট্রিশিয়ান	০৭ (সাত) টি	সর্বনিম্ন অষ্টম শ্রেণি পাশ এবং ইলেকট্রিক্যাল/ ইলেকট্রনিক্স এর উপর ট্রেড কোর্স থাকতে হবে।		দৈনিক ভিত্তিক	

২। চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে মূল বেতনের সাথে অন্যান্য ভাতাদি প্রতিষ্ঠানের বেতন কাঠামো, নিয়োগ নীতিমালা ও প্রচলিত নিয়মানুযায়ী প্রদান করা হবে। এছাড়া দৈনিক ভিত্তিক নিয়োগের ক্ষেত্রে প্রতিষ্ঠানের প্রচলিত নিয়মে দৈনিক ভিত্তিক মজুরী কাঠামো মোতাবেক মজুরী পরিশোধ করা হবে।

৩। অত্র প্রতিষ্ঠানের মেডিক্যাল সেকশন কর্তৃক প্রদত্ত মেডিক্যাল ফিটনেস সার্টিফিকেট সন্তোষজনক প্রতিপাদিত হলে নিয়োগ প্রদান করা হবে।

৪। অত্রই প্রার্থীদেরকে পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত, সদ্য তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের ছবি, স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভা/ সিটি কর্পোরেশনের মেয়র/ কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব/ জাতীয়তা সনদপত্র, জাতীয় পরিচয় পত্র, জন্মনিবন্ধন (যদি থাকে), শিক্ষাগত যোগ্যতার সনদ/ প্রত্যয়ন পত্র ও সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা সংক্রান্ত সকল সনদপত্রসমূহের সত্যায়িত কপি এবং ব্যবস্থাপনা পরিচালক বরাবর আবেদনপত্র “ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, বাংলাদেশ নৌবাহিনী, সোনাকান্দা, বন্দর, নারায়ণগঞ্জ” এর ঠিকানায় আগামী ২৪ মে ২০২২ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে প্রেরণ করতে হবে। প্রেরিত খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে।

৫। প্রার্থীদেরকে বাছাই কমিটি কর্তৃক নির্ধারিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৬। লিখিত/ মৌখিক/ ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ ডিএ দেওয়া হবে না।

৭। পদের সংখ্যা হ্রাস/ বৃদ্ধি হতে পারে।

৮। উল্লিখিত পদসমূহে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

৯। বর্তমানে দেশে করোনা পরিস্থিতির বিষয়টি বিবেচনায় নিরাপত্তার স্বার্থে নিয়োগ সংশ্লিষ্ট পরীক্ষায় অংশ গ্রহণের ক্ষেত্রে অবশ্যই কোভিড-১৯ টিকা সনদ প্রদর্শন করতে হবে।

১০। নিয়োগ সংক্রান্ত বিষয়ে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

পক্ষে ব্যবস্থাপনা পরিচালক